

এইচপি অল ইন ওয়ান পিসি

সৈয়দ হোসেন মাহমুদ

বিশ্বখ্যাত কমপিউটার হার্ডওয়্যার ও সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান এইচপি অথবা হিউলেট-প্যাকার্ডের বানানো ডেস্কটপ কমপিউটার, ল্যাপটপ ও অন্যান্য যন্ত্রাংশ বেশ আলোচিত ও প্রশংসিত। ১৯৩৯ সালে এ কোম্পানির জন্য যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ার পালো অল্টো নামের শহরে একটি গাড়ির গ্যারেজে। যে গ্যারেজটি এখন দ্য এইচপি গ্যারেজ নামের মিউজিয়ামে পরিণত হয়েছে। উইলিয়াম রেডিংটন হিউলেট ও ডেভ প্যাকার্ড নামের দুই বন্ধু মিলে গড়ে তোলেন এ প্রতিষ্ঠান। তাদের নামের শেষ অংশ দিয়েই কোম্পানির নাম রাখা হয় হিউলেট-প্যাকার্ড সংক্ষেপে এইচপি। ২০১০ সালে বিশ্বের অন্যতম পিসি ম্যানুফ্যাকচারার হওয়ার খেতাব অর্জন করে এইচপি। আমাদের দেশে এইচপির ল্যাপটপগুলো বেশ জনপ্রিয়। সেই জনপ্রিয়তার ধারা বজায় রাখার জন্য এইচপির অল ইন ওয়ান পিসি ও টাচক্রিন পিসি সিরিজ বাজারে এসেছে।

এইচপি অল ইন ওয়ান ও টাচক্রিন অল ইন ওয়ান সিরিজের পিসিগুলো দেখতে যেমন আকর্ষণীয় তেমনি ব্যবহারেও বেশ সুবিধাজনক। অভিনব ও মনকাড়া ডিজাইনের এ পিসিগুলো বেশ হালকা ও বিন্যাসশ্রেয়ী। পিসির ডিসপ্লে ইউনিটের সাথেই প্রসেসর, মাদারবোর্ড, রাম, হার্ডডিস্ক, অপটিক্যাল ড্রাইভ সংযুক্ত আছে। পিসির সাথে শুধু কিবোর্ড ও মাউস যোগ করলেই কমপিউটার চলানো যাবে। প্রথম দেখায় অনেকেই ভুল করতে পারেন পিসিটিকে একটি মনিটর ভেবে। কারণ এটি আকারে এলসিডি মনিটরের চেয়ে তেমন একটা বড় নয়। বেশ কম জায়গা দখল করে বলে পিসিগুলো অনেকেরই পছন্দের তালিকায় রয়েছে। বাংলাদেশে কয়েকটি মডেলের এইচপি অল ইন ওয়ান সিরিজের পিসি এসেছে। এগুলোর মধ্যে রয়েছে— 120-1007i, Omni120-1029i ও 520-1088d। এবার লেবে সেরা যাক পিসিগুলোতে কী কী সুবিধা রয়েছে।

এইচপি অল ইন ওয়ান পিসি ১২০-১০০৭আই

কম ব্যাজেটের মধ্যে ইন্টেল পেন্টিয়াম মাসের ডেস্কটপের সমতুল্য ১২০-১০০৭আই মডেলের এইচপি অল ইন ওয়ান পিসির প্রসেসর হিসেবে দেয়া হয়েছে ইন্টেলের দ্বিতীয় প্রজন্মের প্রসেসর ইন্টেল পেন্টিয়াম জি৬২০ (স্যাটিক ব্রিজ)। প্রসেসরটিতে রয়েছে ৩ মেগাবাইট ক্যাশ মেমরি ও এর ক্লকস্পিড ২.৬০ গিগাহার্টজ। এতে আরো রয়েছে ১৩৩৩



মেগাবাইটের ২ গিগাবাইট ডিভিআরও রাম, ২০ ইঞ্চি নন টাচ ডিসপ্লে, ৫০০ গিগাবাইট ৭২০০ অরপিএম সাটা হার্ডডিস্ক, এইচপি প্রিন্ট সটাচএঞ্জ সুপার মাল্টি অপটিক্যাল ড্রাইভ, এইচপি জ্যারালস নোটওয়ার্ক ইন্টারফেস কার্ড ৮০২.১১ বি/জি/এস মিনিকার্ড, ইন্টেল এইচডি গ্রাফিক্স, ইন্টিগ্রেটেড সাউন্ড সিস্টেম, ওয়েবক্যাম, এইচপি অল ইন ওয়ান ইউএসবি মিডিয়া কার্ড রিডার, ব্রন্ট প্যানেল মাইক্রোফোন ও হেডফোন পোর্ট, ৪টি রেয়ার ইউএসবি ২.০ পোর্ট, ২টি হাই স্পিড সইড ইউএসবি ২.০ পোর্ট, লাইন অউট ও ল্যান পোর্ট। পিসির সাথে রয়েছে এইচপির স্ট্যান্ডার্ড ভালু ইউএসবি কিবোর্ড ও মাউস। পিসিগুলোতে ২ বছরের বিক্রয়োত্তরসেবা দেয়া হচ্ছে। ট্রি অপারেটিং সিস্টেমযুক্ত এ পিসির দাম নির্ধারণ করা হয়েছে ৩৯,৫০০ টাকা। অফিস পিসি হিসেবে বা সাধারণ মানের পিসি হিসেবে বাসাধিকৃত ব্যবহারের জন্য বেশ উপযোগী এ মডেলটি।

এইচপি অল ইন ওয়ান পিসি ওমনি ১২০-১০২৯আই

পিসিটিতে শক্তি সঞ্চায় করছে ইন্টেলের দ্বিতীয় প্রজন্মের কোর আই প্রি-২১২০ প্রসেসর। প্রসেসরটির ক্লকস্পিড ৩.৩০ গিগাহার্টজ এবং ক্যাশ মেমরি ৩ মেগাবাইট। এ পিসিটির প্রসেসর হাড়া বাকি সব



কিছুই ১২০-১০০৯আই মডেলের মতো। পিসি দুটো দেখতেও প্রায় একই রকম। পিসির নির্ধারিত দাম হচ্ছে ৪৮,৫০০ টাকা। এটি হোম ইউজারদের জন্য বেশ ভালো একটি পিসি হতে পারে। কারণ এটি দিয়ে টুকটাক ডিভিও গেম, মুভি দেখা, গান শোনা, ইন্টারনেট ব্রাউজিং, অফিস চ্যটি, ডিভিও চ্যটি, চিঠি দেখা ইত্যাদি অনায়াসে করা সম্ভব।

এইচপি অল ইন ওয়ান পিসি ওমনি ৫২০-১০৮৮ডি

বাকি মুভি মডেল থেকে এ মডেলটি বেশ শক্তিশালী। কারণ এতে রয়েছে ইন্টেলের সাতটি ব্রিজ সিরিজের কোর আই ফাইভ-২৪০০এস প্রসেসর। প্রসেসরটির ক্লকস্পিড ৩.১০ গিগাহার্টজ এবং ক্যাশ মেমরি ৩ মেগাবাইট। এ হাড়া এতে রয়েছে ১৩৩৩ মেগাবাইটের ৪ গিগাবাইট মেমরির রাম। হাই ডেফিনিশন মুভি পছন্দকারীদের জন্য এই অল ইন ওয়ান পিসিটি বেশ কাজে সেবে এতে কোনো সন্দেহ নেই। কেননা, এতে রয়েছে ২০ ইঞ্চি টাচক্রিন ডিসপ্লে, যা পূর্ণ এইচডি মুভি প্রদর্শন করতে সক্ষম। এর সাথে আরো রয়েছে ট্রিম ট্রু-রে কলো ড্রাইভ। এটি দিয়ে ডিভিডি প্যাপারশি ব্লু-রে ডিস্কের মুভিও দেখা যাবে, তবে ব্লু-রে ডিস্ক রাইট করা যাবে না। এ হাড়া এতে বিল্ড-ইন টিভি

টিউনার দেয়া আছে। গেমারদের জন্যও নিঃসন্দেহে এটি বেশ ভালো একটি পিসি হতে পারে, কেননা সম্পূর্ণ করা হয়েছে এএমডি রাডেডন এইচডি ৬৪৫০এ সিরিজের ১ গিগাবাইট ডিভিআরও মেমরির গ্রাফিক্সকার্ড। সেই সাথে দেয়া হয়েছে ৭২০০ অরপিএমের ১ টেরাবাইট স্টোরেজ ডিভিআইস। যারা গান শুনতে এবং ইন্টারনেটে চ্যাটিং পছন্দ করেন তাদের কথা মচার্য্য রেখে এতে সংযুক্ত করা হয়েছে ব্রন্ট মাইক্রোফোন, হেডফোন এবং ইন্টিগ্রেটেড ওয়েবক্যাম। এ হাড়া বাকি মুভি মডেলের অন্যান্য সুবিধাও এতে বিন্যাস। পিসির দাম রাখা হয়েছে ৯৮,০০০ টাকা।



অল ইন ওয়ান পিসিগুলো বেশ কম জায়গা দখল করায় এগুলো বর্তমানের ডেস্কটপ পিসির জনপ্রিয়তার ভাটা ফেলতে পারে। এ হাড়া যারা ল্যাপটপ এবং ডেস্কটপ কোনোটি কিনবেন সেটি নির্ধারণ করতে হিমশিম খাচ্ছেন, তাদের জন্য এই ধরনের পিসি কেনা বেশ ভালো সিদ্ধান্ত হতে পারে। এ হাড়া কিনলে আসল মডেল থাকার ব্যবহারকারীদের হাতে অপশনও বেশি থাকবে তার পছন্দ ও প্রয়োজন অনুযায়ী পিসি কেনার। এইচপির এ সুদৃশ্য পিসিগুলো স্মার্ট টেকনোলজিসহ আরো কিছু ভেঙেবের কাছে পাওয়া যাবে। ■

ফিডব্যাক : shmt_15@yahoo.com